গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর
অর্থ বিভাগ
গাইড হাউস ভবন, নিউ বেইলী রোড, ঢাকা
www.dme.gov.bd

স্মারক নং: ৫৭.২৫.০০০০.০০.১৫.২৯.২৬.০০২

তারিখ ১৭ কার্তিক ১৪৩৩ বঙ্গাব্দ / ০২ নভেম্বর ২০২৬ খ্রিস্টাব্দ

বিষয়: নীলফামারী জেলার কিশোরগঞ্জ উপজেলার 'ইউএনও' কর্তৃক 'ভেড়াভেড়ি কামাল উদ্দিন দাখিল মাদ্রাসা' পরিদর্শনের ভিত্তিতে উক্ত মাদ্রাসার সুপারকে প্রয়োজনীয় কাগজপত্রাদিসহ দপ্তরে উপস্থিত হওয়ার আদেশ প্রদান প্রসঙ্গে।

সূত্রঃ (১) কিশোরগঞ্জ উপজেলার 'ইউএনও' এর স্মারক নং ০৫.৪৭.৭৩৪৫.০০১.৩৪.০০৯.২৬-১০৭৩ তারিখঃ ০১/১০/২০২৬ খ্রি.
(২) বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠান (মাদ্রাসা) জনবল কাঠামো ও এমপিও নীতিমালা-২০২৬ এর বিধি ১৮(২)ক তারিখঃ ০১/০২/২০২৬ খ্রি.

নীলফামারী জেলার কিশোরগঞ্জ উপজেলার 'ইউএনও' জনাব মোঃ আরিফুর রহমান তার কাছে প্রাপ্ত বিভিন্ন অভিযোগের প্রেক্ষিতে ০১ অক্টোবর ২০২৬ খ্রি. তারিখে উক্ত উপজেলায় অবস্থিত 'ভেড়াভেড়ি কামাল উদ্দিন দাখিল মাদ্রাসা' পরিদর্শন করেন। উক্ত পরিদর্শন শেষে সূত্রোক্ত ০১ নং স্মারকে একটি পরিদর্শন প্রতিবেদন, মহাপরিচালক, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর বরাবর প্রেরণ করেন।

পরিদর্শন প্রতিবেদনে উল্লেখ করা হয় যে, পরিদর্শনের তারিখে মাদ্রাসার মোট শিক্ষার্থী ১৯১ জনের মধ্যে উপস্থিত ছিল মাত্র ১১ জন, এখানে শিক্ষার্থীর ক্লাসে অনুপস্থিতির হার ৯৫%। ১৫ জন শিক্ষকের মধ্যে উপস্থিত ছিলেন ১৩ জন, আর অনুপস্থিত ০২ জন শিক্ষক ছুটি ছাড়া মাদ্রাসায় অনুপস্থিত ছিলেন। ছুটি ছাড়া অনুপস্থিত থাকা শিক্ষক জনাব মোঃ মোখলেছুর রহমান 'শিক্ষক হাজিরা খাতা'য় অগ্রীম স্বাক্ষর করেছেন বলে উল্লেখ আছে পরিদর্শন প্রতিবেদনে। প্রতিবেদনে আরো উল্লেখ করা হয় যে, উক্ত মাদ্রাসার কোন ক্লাসেই ছাত্র ছাত্রীদের হাজিরা নেওয়া হয় না এবং ছাত্র ছাত্রীদের উপবৃত্তি প্রাপ্তির ব্যাপারে কোন তথ্য নেই মাদ্রাসাটির অফিস নথিতে। এছাড়াও উল্লেখ করা হয়, মাদ্রাসার নামে কাগজপত্রে উল্লেখ থাকা ১২৩ শতাংশ জমির মধ্যে ৬৩ শতাংশ জমির নামজারি নেই। নিয়মিত ক্লাস না হওয়া এবং প্রাতিষ্ঠানিক তদারকি না থাকায় শিক্ষার্থীরা মাদ্রাসা বিমুখ হচ্ছে বলে মন্তব্য করা হয় পরিদর্শন প্রতিবেদনে।

শিক্ষার্থীদের উপস্থিতির হার আশংকাজনকভাবে কমে যাওয়া, ছাত্র-ছাত্রীদের ক্লাসে হাজিরা না নেওয়া, মাদ্রাসার নামে কাগজপত্রে উল্লেখ থাকা ১২৩ শতাংশ জমির মধ্যে ৬৩ শতাংশ জমির নামজারি না থাকা, শিক্ষকদের ছুটি ছাড়া কর্মস্থলে অনুপস্থিত থাকা, অধিকন্তু, অনুপস্থিত শিক্ষক এর 'শিক্ষক হাজিরা খাতা'য় অগ্রীম স্বাক্ষর করা প্রাতিষ্ঠানিক শৃংখলা ভঙ্গের শামিল। উক্ত প্রাতিষ্ঠানিক শৃংখলা ভঙ্গের বিষয়গুলো বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠান (মাদ্রাসা) জনবল কাঠামো ও এমপিও নীতিমালা-২০২৬ এর বিধি ১৮(২)ক ধারামতে প্রতিষ্ঠান প্রধানসহ এমপিওভূক্ত শিক্ষকদের 'সাময়িক বরখাস্ত' এর মত শাস্তিযোগ্য অপরাধ।

এমতাবস্থায়, উত্থাপিত অভিযোগসমূহের বিষয়ে অত্র দপ্তরে উপস্থিত হয়ে সংশ্লিষ্ট নথিপত্রাদি উপস্থাপনের জন্য এবং প্রাতিষ্ঠানিক শৃংখলা ভঙ্গের জন্য ছুটি ছাড়া মাদ্রাসায় অনুপস্থিত দুইজন শিক্ষকসহ সুপার এর বিরুদ্ধে কেন বিধিমোতাবেক ব্যবস্থা গ্রহণ করা হবে না তার কারণ ব্যাখ্যা করে বক্তব্য প্রদানের জন্য, সুপার, ভেড়াভেড়ি কামাল উদ্দিন দাখিল মাদ্রাসা, কিশোরগঞ্জ, নীলফামারী কে অনুরোধ করা হলো।

০২/১১/২৬
ড. মোঃ ইসমাইল হোসেন
সহকারী পরিচালক (বরিশাল)
মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর

১। সভাপতি, ভেড়াভেড়ি কামাল উদ্দিন দাখিল মাদ্রাসা, কিশোরগঞ্জ, নীলফামারী
২। সুপার, ভেড়াভেড়ি কামাল উদ্দিন দাখিল মাদ্রাসা, কিশোরগঞ্জ, নীলফামারী

তারিখ ১৭ কার্তিক ১৪৩৩ বঙ্গাব্দ / ০২ নভেম্বর ২০২৬ খ্রিস্টাব্দ

স্মা স্মারক নং: ৫৭.২৫.০০০০.০০.১৫.২৯.২৬.০০২

সদয় অবগতি/প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি:
১। পরিচালক (প্রশাসন ও অর্থ), মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর, ঢাকা
২। সচিব মহোদয়ের একান্ত সচিব (উপসচিব), কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়
৩। উপজেলা নির্বাহী অফিসার, কিশোরগঞ্জ, নীলফামারী
৪। মহাপরিচালকের ব্যক্তিগত সহকারী, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর, ঢাকা

০২/১১/২০২৬
ড. মোঃ ইসমাইল হোসেন
সহকারী পরিচালক (বরিশাল)
মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর

CamScanner